

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

দপ্তরাদেশ

নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৮.১৭- ৭০

তারিখ : ২৬/০২/২০১৭ খ্রি:

বিষয় : দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখা কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যার মাঠ পর্যায়ে ব্যবহারে অব্যাহত মনিটরিং ও কারিগরি সহায়তা প্রদানের লক্ষ্যে রিসোর্সপুল গঠন প্রসঙ্গে।

যুব উন্নয়ন অধিদপ্তরের সেবা সহজীকরণ ও ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও জবাবদিহিতার সাথে পরিচালনার লক্ষ্যে কয়েকটি সফটওয়্যার তৈরী করে সীমিত আকারে মাঠ পর্যায়ে পরীক্ষামূলকভাবে ব্যবহার করা হচ্ছে। এ সকল সফটওয়্যার মাঠ পর্যায়ে ব্যবহারের পূর্বে সংশ্লিষ্ট জনবলকে প্রশিক্ষণ প্রদান করা হলেও সফটওয়্যারগুলো ব্যবহারে সক্ষমতা ও ঋণ রিপোর্টের বিষয়ে পর্যাপ্ত ধারণা না থাকায় কাজিখিত ফলাফল পাওয়া যাচ্ছে না। এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি রিসোর্সপুল গঠন করা হলো। এ পুলের সদস্যগণ পাইলটভুক্ত এলাকায় মূলত মেন্টরশিপ প্রদান করবেন।


(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

নং	নাম	পদবী	কর্মস্থল	মন্তব্য
০১.	জনাব আবুল হোসেন	উপ-পরিচালক(চঃদাঃ)	মানিকগঞ্জ	
০২.	জনাব আজিজুর রহমান	এ	পটুয়াখালী	
০৩.	জনাব আমির আজম	এ	মৌলভীবাজার	
০৪.	জনাব আবদুল কাদের	সহকারী পরিচালক	সাতক্ষীরা	
০৫.	জনাব কামরুজ্জামান	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	রানীশংকৈল, ঠাকুরগাঁও	
০৬.	জনাব সঞ্জীব কুমার দাস	এ	সাতক্ষীরা, সদর	
০৭.	জনাব পুলুফ্র	এ	আলীকদম, বান্দরবান	
০৮.	জনাব সাইফুদ্দিন	এ	ফুলগাজী, ফেনী	
০৯.	জনাব সরোয়ার মুর্শেদ	এ	নগরকান্দা, ফরিদপুর	
১০.	জনাব মঞ্জুর আলম	এ	নাগেশ্বরী, কুড়িগ্রাম	
১১.	জনাব মামুন মজুমদার	এ	আড়াইহাজার, নারায়নগঞ্জ	

রিসোর্সপুলের কর্মকর্তাদের শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে দুই দিনের প্রশিক্ষণের মাধ্যমে প্রস্তুতকৃত ও মাঠে ব্যবহৃত সফটওয়্যার সম্পর্কে সম্যক ধারণা এবং হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে। প্রশিক্ষণে সংশ্লিষ্টদের সক্ষমতা বৃদ্ধিসহ কি পদ্ধতিতে তারা নিজের কর্মস্থল হতে অন্য জেলা/উপজেলাকে মেন্টরশিপ প্রদানসহ তদারকি করবেন তার কৌশল অবহিত করা হবে।

রিসোর্সপুলের কার্যপরিধিঃ

- প্রত্যেক সদস্যের মেন্টরশিপ প্রদানের চিহ্নিত ক্ষেত্রে (জেলা/উপজেলায়) সফটওয়্যার ব্যবহারে সংশ্লিষ্ট জনবলকে ধারাবাহিক মেন্টরশিপ প্রদানের মাধ্যমে কাজিখিত ফলাফল প্রাপ্তি নিশ্চিত করা;
- সদস্যদের নিজ নিজ কাজের অগ্রগতি (তদারকির ফলাফল) সার্বক্ষণিকভাবে দাঃবিঃ ও ঋণ শাখার পরিচালক অথবা নির্ধারিত কর্মকর্তাকে অবহিত করা ও
- প্রত্যেক সদস্য কর্তৃক তার সাধারণ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে এ কার্যক্রমে স্বেচ্ছায় সমর্থন যোগানো।

  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন-৯৫৫৯৩৮৯।

নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৮.১৭-

তারিখ : /০২/২০১৭ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৫। জনাব ..... উপ-পরিচালক/সহকারী পরিচালক/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৬। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস নথি।

  
(মোঃ শাহীমুর রহমান)  
সহকারী পরিচালক(দাঃবিঃওঋণ)